গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
সভার তারিখ	০৯ ফেব্রুয়ারি, ২০২০ ।
সভার সময়	বেলা ১১.২০ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক", এবং অনুপস্থিত সদস্যবৃন্দের বিবরণী পরিশিষ্ট "খ" তে দেখানো হলো।

যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন সংক্রান্ত জেলা কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন কার্যক্রমের পর্যালোচনাঃ উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে জানুয়ারি, ২০২০ মাসে প্রাপ্ত অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যৌতুকের তথ্য পাওয়া মাত্র আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। উল্লিখিত বিষয়ে নিয়মিতভাবে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা অব্যাহত থাকায় যৌতুক নিয়ন্ত্রণে এসেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে যৌতুক রোধে মোবাইল কোর্ট পরিচালনাসহ গণসচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করা হয়।	যৌতুকের কোন তথ্য অবগত হলে তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)। ২) উপজেলা/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সকল)। ৩) অফিসার ইন-চার্জ, (সকল থানা)।
০২	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট এর নিকট হতে প্রাপ্ত অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি, ২০২০ মাসে এ জেলার সকল উপজেলায় যৌতুকের কারণে নারী নির্যাতন প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিমূলক আলোচনাও কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভায় সচেতনতা বৃদ্ধির জন্য স্কুল-কলেজে নিয়মিত সভা-সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জগণকে সম্পৃক্ত করে যৌন হয়রানি ও শিশু বিবাহসহ অন্যান্য সামাজিক ব্যাধি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য স্কুল-কলেজে নিয়মিত সভা-সেমিনার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০১০.১৬.৩৫২

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬
০৩ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর

৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট

৫) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট

৬) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

৭) জেলা চেয়ারম্যান (রুটিন দায়িত্ব), জেলা চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় মহিলা সংস্থা, লালমনিরহাট জেলা শাখা

৮) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,লালমনিরহাট

৯) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(সকল), লালমনিরহাট।

১০) অফিসার ইন চার্জ (সকল), লালমনিরহাট।

১১) ----------, লালমনিরহাট।

১২) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট